# সুনান আবূ দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ১৬১৮

৩/ যাকাত (كتاب الزكاة)

পরিচ্ছেদঃ ১৯. কি পরিমাণ সদাকাতুল ফিত্‌র দিতে হবে তার বর্ণনা।

باب كَمْ يُؤَدَّى فِي صَدَقَةِ الْفِطْرِ

আরবী

حَدَّثَنَا حَامِدُ بْنُ يَحْيَى، أَخْبَرَنَا سُفْيَانُ، ح وَحَدَّثَنَا مُسَدَّدٌ، حَدَّثَنَا يَحْيَى، عَنِ ابْنِ عَجْلاَنَ، سَمِعَ عِيَاضًا، قَالَ سَمِعْتُ أَبَا سَعِيدٍ الْخُدْرِيَّ، يَقُولُ لاَ أُخْرِجُ أَبَدًا إِلاَّ صَاعًا إِنَّا كُنَّا نُخْرِجُ عَلَى عَهْدِ رَسُولِ اللَّهِ صلى الله عليه وسلم صَاعَ تَمْرٍ أَوْ شَعِيرٍ أَوْ أَقِطٍ أَوْ زَبِيبٍ هَذَا حَدِيثُ يَحْيَى زَادَ سُفْيَانُ أَوْ صَاعًا مِنْ دَقِيقٍ قَالَ حَامِدٌ فَأَنْكَرُوا عَلَيْهِ فَتَرَكَهُ سُفْيَانُ . قَالَ أَبُو دَاوُدَ فَهَذِهِ الزِّيَادَةُ وَهَمٌ مِنِ ابْنِ عُيَيْنَةَ .

বাংলা

১৬১৮. হামিদ ইব্‌নে ইয়াহ্‌ইয়া (রহঃ) ..... ইব্‌ন আজ্‌লান ইয়াদ (রহঃ) কে বলতে শুনেছেন, আমি আবু সাঈদ আল-খুদরী (রাঃ)-কে বলতে শুনেছিঃ আমি সব সময়ই (সকল বস্তু হতে) সদকায়ে ফিতর হিসাবে এক সা’ পরিমানই আদায় করতে থাকব। কেননা আমরা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহে ওয়াসাল্লামের যুগে খেজুর, বার্লি, পনির ও কিস্‌মিস সদ্‌কায়ে ফিতর হিসাবে এক সা’ করে আদায় করতাম। এটা ইয়াহ্‌ইয়া বর্ণিত হাদীছ। তবে সুফিয়ানের বর্ণনায় আরও আছে: "অথবা এক সা’ আটা"।

রাবী হামিদ বলেন, মুহাদ্দিছগন এটা গ্রহণে অসম্মতি জ্ঞাপন করায় সুফিয়ান এটা পরিহার করেন। ইমাম আবু দাউদ বলেন, এই অতিরিক্ত বর্ণনা ইব্‌ন উয়ায়নার (অর্থাৎ সুফিয়ানের) একটি ধারনা মাত্র। (বায়হাকী, মুসলিম)।

## English

Narrated Abu Sa'id al-Khudri:

I shall always pay one sa'. We used to pay during the lifetime of the Messenger of Allah (ﷺ) one sa' of dried dates or of barley, or of cheese, or of raisins. This is the version of Yahya. Sufyan added in his version: "or one sa' of flour." The narrator Hamid (ibn Yahya) said: The people objected to

this (addition); Sufyan then left it.

Abu Dawud said: This addition is a misunderstanding on the part of Ibn Uyainah.

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ মুহাম্মাদ ইবনে আজলান (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=33701

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন